



মহান শহীদ দিবসে স্মারক ডাকটিকিট প্রকাশ করলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিশেষ স্মারক ডাকটিকিট উন্মোচন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার (২১ ফেব্রুয়ারি) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে তিনি আনুষ্ঠানিকভাবে ডাকটিকিটটি প্রকাশ করেন। দায়িত্ব গ্রহণের পর এ দিনই প্রথমবারের মতো তিনি এই কার্যালয়ে দাপ্তরিক কার্যক্রম শুরু করেন।

এর আগে সপ্তাহের মাঝামাঝি দুদিন তিনি সচিবালয়ে অফিস করেন। শনিবার সকালে কার্যালয়ে কর্মসূচির শুরুতেই একটি স্বর্ণচাঁপা গাছের চারা রোপণ করেন প্রধানমন্ত্রী। সকাল ১০টা ১০ মিনিটে তিনি তেজগাঁও কার্যালয়ে পৌঁছালে তাকে স্বাগত জানান প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার এবং অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রফমন।

মূল ভবনে প্রবেশের আগে সেখানে এক আবেগময় পরিবেশের সৃষ্টি হয়। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সময় দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে কুশল বিনিময় করেন তারেক রহমান। অনেককে নাম ধরে ডাকেন এবং স্নেহভরে খোঁজ নেন। প্রধানমন্ত্রীর কাছাকাছি এসে কথা বলার সুযোগ পেয়ে উপস্থিত অনেকেই আবেগাপ্লুত হয়ে পড়েন।